

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭২৬

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (১ ট্রান্টির)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - জনগণের প্রতি শাসকের সহনশীলতা প্রদর্শন করা

بَابُ مَا عَلَى الْوُلَاةِ مِنَ التَّيْسِيْرِ

আরবী

وَعَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لِكُلِّ غَادِرٍ لِوَاءٌ يومَ القيامةِ يُعرَفُ بِهِ»

বাংলা

৩৭২৬-[৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামত দিবসে প্রত্যেক বিশ্বাসঘাতকদের জন্য একটি করে পতাকা দেখা যাবে, যার মাধ্যমে তার পরিচয় পাওয়া যাবে। (বুখারী ও মুসলিম)[1]

ফটনোট

[1] সহীহ: বৃখারী ৩১৮৬, মুসলিম ১৭৩৭, আহমাদ ১২৪৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোনো এক বর্ণনায় (لِكُلِّ غَادِرٍ لِوَاءً) রয়েছে, সেখানে (يَوْمُ الْقِيَامَةِ) শব্দটিতে নেই যাতে করে বুঝতে পারা যায় যে. এ ব্যক্তি ধোঁকাবাজ. এজন্য তার জন্য একটি ঝান্ডা থাকবে।

ইমাম আহমাদ ও ইমাম মুসলিম, ইবনু মাস্'উদ থেকে, ইমাম মুসলিম এককভাবে ইবনু 'উমার থেকে, ইমাম ইমাম আহমাদ ও ইমাম আবু দাউদ আতৃ তায়ালিসী (রহঃ) থেকে, তার শব্দ রয়েছে,

أَنَّ لِكُلِّ غَادِرٍ لِوَاءً يَوْمَ الْقِيَامَةِ (يُعْرَفُ بِهِ)

অর্থাৎ প্রত্যেক ধোঁকাবাজের জন্য একটি ঝান্ডা লাগানো থাকবে যার দ্বারা তাকে চেনা যাবে। (ফাতহুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩১৮৬; শারহে মুসলিম ১২শ খন্ড, হাঃ ১৭৩৭; মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন